



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জালানি ও খনিজ সম্পদ বিভাগ
খনিজ সম্পদ উন্নয়ন বুরো (বিএমডি)



খনিজ সম্পদ উন্নয়ন বুরোর সেবা প্রদান প্রতিশুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২১-২২ অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে
দ্বিতীয় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী (অক্টোবর-ডিসেম্বর, ২০২১)

সভাপতি	মোঃ আবুল বাসার সিদ্দিক আকন পরিচালক (যুগ্মসচিব)
সভার তারিখ	২৪.১১.২০২১
সভার সময়	সকাল ১০.৩০ ঘটিকা
স্থান	বিএমডির সভা কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিতি সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সিটিজেন বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা মোসাঃ মাহবুবা খাতুন, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) আলোচ্যসূচি অনুযায়ী সভায় কর্মপরিকল্পনার বিভিন্ন বিষয় নিয়ে আলোকপাত করেন। সভাপতি বিএমডির পরিচালক উপসচিব জনাব মোঃ আবুল বাসার সিদ্দিক আকন পদোন্নতি প্রাপ্ত হয়ে যুগ্মসচিব পদে যোগদান করায় সিটিজেন চার্টার হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড করার নির্দেশনা প্রদান করেন। প্রশিক্ষণের বিষয়ে সভাপতি জানতে চাইলে ফোকাল পয়েন্ট জানান, কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য সেবা প্রদান সংক্রান্ত আইন-কানুন, বিধিবিধান, চাকুরি বিধি এবং সেবা প্রদান প্রতিশুতি প্রণয়ন ও বাস্তবায়ন বিষয়ে ০৪ টি প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে এবং বিএমডি কর্তৃক ইতোমধ্যে ০২ টি প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। তিনি আরও জানান, সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা ০২ টি আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। প্রথম কোয়ার্টারে ০১ টি এবং দ্বিতীয় কোয়ার্টারে অর্থাৎ ২৩ নভেম্বর ২০২১ তারিখ দ্বিতীয় স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন করা হয়েছে। সভাপতি সিটিজেন চার্টার বিষয়ক পরিবীক্ষণ কমিটিকে সিটিজেন চার্টার হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোডের নির্দেশনা প্রদান করেন এবং সকল কর্মকর্তাকে সিটিজেন চার্টার অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে সেবা প্রদানের অনুরোধ জানান। অতঃপর সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্র.নং	কার্যক্রম/আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	১.১ সেবা প্রদান প্রতিশুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন	সভাপতির নির্দেশনা অনুযায়ী সেবা প্রদান প্রতিশুতি হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোডের সিদ্ধান্ত গৃহীত হয়;	ফোকাল পয়েন্ট কর্মকর্তা/আইসিটি কর্মকর্তা
	১.২ সেবা প্রদান প্রতিশুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ	সেবা প্রদান প্রতিশুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করে জালানি ও খনিজ সম্পদ বিভাগে দ্বিতীয় ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা
২.	২.১ সেবা প্রদান প্রতিশুতি বিষয়ক ০৪ টি প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে	সেবা প্রদান প্রতিশুতি বিষয়ক তৃতীয় প্রশিক্ষণটি দ্বিতীয় কোয়ার্টারে অর্থাৎ ডিসেম্বর মাসে আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা

	<p>২.২ সেবা প্রদান প্রতিশুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা ০২ টি আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে;</p>	<p>ইতোমধ্যে প্রথম ও দ্বিতীয় কোয়ার্টরে সেবা প্রদান প্রতিশুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ০২ টি অবহিতকরণ সভা আয়োজন করা হয়েছে।</p>	<p>ফোকাল পয়েন্ট কর্মকর্তা</p>
--	--	--	------------------------------------

৩.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা
হয়।


মোঃ আবুল বাসার সিদ্দিক আকন
পরিচালক (যুগ্মসচিব)

স্মারক নম্বর: ২৮.০৭.০০০০.০০৮.৩৫.০০১.০২.৪৯৩

তারিখ: ১৬ অগ্রহায়ণ ১৪২৮
০১ ডিসেম্বর ২০২১

বিতরণ : সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (জেন্ট্যুতার ক্রমানুসারে নয়)

- ১) উপসচিব, প্রশাসন-১ অধিশাখা, জালানি ও খনিজ সম্পদ বিভাগ;
- ২) উপপরিচালক (প্রশাসন/অর্থ ও পরিকল্পনা), খনিজ সম্পদ উন্নয়ন ব্যরো (বিএমডি);
- ৩) উপপরিচালক (খনি ও খনিজ) (চলতি দায়িত্ব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যরো (বিএমডি);
- ৪) সহকারী পরিচালক (ভূতত্ত্ব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যরো (বিএমডি);
- ৫) সহকারী পরিচালক (ভূ-রসায়ন), খনিজ সম্পদ উন্নয়ন ব্যরো (বিএমডি);
- ৬) পি.এ টু মহাপরিচালক/পরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যরো (বিএমডি), ঢাকা;
- ৭) সংশ্লিষ্ট নথি/অফিস কপি।



মোসাঃ মাহবুবা খাতুন
সহকারী পরিচালক (ভূতত্ত্ব)